কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে দরপত্র প্রদানের দলিল (জাতীয়)

(Request for Quotation Method)

ISO 9001 : 2015 CERTIFIED

# টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

## আশেকপুর, টাঙ্গাইল

**বিষয়ঃ "লাঞ্চ প্যাকেটে খাবার সরবরাহের লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)"।**

**তারিখঃ ২৮/০১/২০২৪খ্রিঃ**

আরএফকিউ নং-২৪/২০২৩-২০২৪

# প্রশাসন বিভাগ


আশেকপুর, টাঙ্গাইল

ফোন নং- ০১৭৬৯-৪০০৮০৪

Web Site: www.pbs.tangail.gov.bd

Email: tangail_pbs@yahoo.com

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001 : 2015 CERTIFIED

# টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

আশেকপুর, টাঙ্গাইল।

ফোনঃ ০২৯৯৭৭৫৩৩২৪, অভিযোগ কেন্দ্রঃ ০২৯৯৭৭৫৩৩১৫

ই-মেইলঃ tangail_pbs@yahoo.com; ওয়েব-সাইট: www.pbs.tangail.gov.bd; ফেসবুকঃ www.facebook.com/pbstangail

স্মারক নং-২৭.১২.৯৩৯৫.৫০২.০১.০৩৮.২৪. ৪০৯

তারিখঃ ১৪ মাঘ ১৪৩০ বঃ
২৮ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

## "লাঞ্চ প্যাকেটে খাবার সরবরাহের লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)"

প্রতি,

-----------------------------------------
-----------------------------------------
-----------------------------------------

১. টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় আগামী ১০/০২/২০২৪খ্রিঃ তারিখে ৪০ তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত গ্রাহক সদস্যদের আপ্যায়নের জন্য লাঞ্চ প্যাকেট সরবরাহের নিমিত্ত বাংলাদেশ প্রকৃত হোটেল ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. অত্রসাথ সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট www.pbs.tangail.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে অথবা আবেদনের মাধ্যমে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি, আশেকপুর, টাঙ্গাইল হতে কোটেশন দলিল সংগ্রহপূর্বক দর দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন/কাগজ বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) জেনারেল ম্যানেজার, টাঙ্গাইল পবিস, আশেকপুর, টাঙ্গাইল অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। ডাক ও কুরিয়ার এর মাধ্যমে দরপত্র গ্রহণযোগ্য নয়।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত না হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খামে আগামী **০৪/০২/২০২৪খ্রিঃ** তারিখ এবং সময় ১১:০০ ঘটিকা বা এর পূর্বে কোটেশন দাখিলের স্থান ক) জেনারেল ম্যানেজার, টাঙ্গাইল পবিস, আশেকপুর, টাঙ্গাইল অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। কোটেশনের খামে **" দরপত্র নং এবং লাঞ্চ প্যাকেট সরবরাহের কোটেশন"** এবং আগামী **০৪/০২/২০২৪খ্রিঃ** তারিখ সময় বেলা ১১:০৫ ঘটিকার আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. দাখিলকৃত বা প্রাপ্ত কোটেশনসমূহ **০৪/০২/২০২৪খ্রিঃ** তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) স্ব-স্ব দপ্তরে খোলা হবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. "সন্তোষজনক লাঞ্চ প্যাকেট সরবরাহের পর চালান ও বিল দাখিল করতে হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক " টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি" কর্তৃক এ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।

১১. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ০৭ (সাত) দিনের নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

১২. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণ স্বরুপ চলতি ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ।

১৪. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫. উদ্ধৃত একক দর/মূল্য এবং মোট দর/মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর/মূল্য প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৬. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের সময় লাঞ্চ প্যাকেট কম বা বেশি করার ক্ষমতা পবিস কর্তৃক সংরক্ষিত।

১৭. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচ ও ব্যবস্থাপনায় প্যাকেটসহ লাঞ্চ খাবারের উপকরনাদি যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপূর্বক সিডিউলে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী অত্র পবিসের সদর দপ্তরে দক্ষ বাবুর্চী দ্বারা রান্না করে প্যাকেটজাত পূর্বক আগামী ১০/০২/২০২৪খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সরবরাহ করতে হবে।

১৮. নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল করতঃ বিধিমোতাবেক কার্যব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯. অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। শর্তবর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

২১. টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৪.০১.২৪
(মোঃ আবু হানিফ মিয়া)
জেনারেল ম্যানেজার
মোবা-০১৭৬৯৪০০০৭৮

<u>অনুলিপি (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে টানানোর মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)</u>

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা-(বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ এবং খোলার অনুরোধসহ)
০২। তত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর), বাপবিবো, সাভার, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৫। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো , টাঙ্গাইল।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.......................পবিস-১/২/৩/৪।
০৭। মেয়র, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টাঙ্গাইল।
০৯। ডিজিএম-দেলদুয়ার/নাগরপুর/বাসাইল/কারিগরী/গোড়াই/মির্জাপুর/এলেঙ্গা জোনাল অফিস, টাঙ্গাইল পবিস।
১০। এজিএম (সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/মানব সম্পদ), টাঙ্গাইল পবিস।
১১। এজিএম (আইটি), টাঙ্গাইল পবিস [সমিতির ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন]।
১২। মেসার্স..................................................।
১৩। নোটিশ বোর্ড, টাঙ্গাইল পবিস।
১৪। অফিস/মাষ্টার কপি।

২৪।০১।২৪
(সৈয়দ আমানুর রহমান)
এজিএম(প্রশাসন)
মোবা-০১৭৬৯৪০০৮০৪

টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি
টাঙ্গাইল
অ্যাশেকপুর

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৯৩৯৫.৫০২.০১.০৩৮.২৪. (২৪/২০২৩-২০২৪), তারিখঃ ২৮/০১/২০২৪ খ্রিঃ।

প্রতি,
জেনারেল ম্যানেজার
টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি
আশেকপুর, টাঙ্গাইল।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **লাঞ্চ প্যাকেটের খাবার** সরবরাহের প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য------------------------------ কথায়-------------------------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোন দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্তার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি /আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২৮/০১/২০২৪খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ:

টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি
টাঙ্গাইল
আশেকপুর

## <u>পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল</u>

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৯৩৯৫.৫০২.০১.০৩৮.২৪. (২৪/২০২৩-২০২৪), তারিখঃ ২৮/০১/২০২৪ খ্রিঃ।

| আইটেমের নং | আইটেমের বিবরণ | পরিমাণ | একক দর/মূল্য | | মোট দর/মূল্য | | পণ্য সরবরাহের গন্তব্যস্থল |
|---|---|---|---|---|---|---|---|
| | | | অংকে | কথায় | অংকে | কথায় | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ০১ | লাঞ্চ প্যাকেট (এ্যালুমিনিয়াম ফুয়েল প্যাকেট+কাগজ):<br>প্যাকেট এর সাইজঃ ১৬ সেন্টিমিটার ×১৬ সেন্টিমিটার, উচ্চতা ৪.৫সেন্টিমিটার।<br>প্রতি প্যাকেটে এ্যালুমিনিয়াম ফুয়েল প্যাকেটের মধ্যে উন্নতমানের চিনিগুড়া চালের পোলাও এক প্লেট+ ৭০০ গ্রাম ওজনের সোনালী মুরগীর ১/৪ সাইজের রোষ্ট ০১টি, ডিম ভুনা ০১টি, গাজরের সালাদ(পরিমাণমত), নেটের ব্যাগ ২০০০টি (প্রতি প্যাকেটের জন্য), খাবারের মান উন্নতমানের হতে হবে)। | ২০০০ প্যাকেট | | | | | টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি, আশেকপুর, টাঙ্গাইল |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | অংকে | | | |
| | | | | কথায় | | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি, আশেকপুর, টাঙ্গাইল। |
| মোট মূল্য টাকায় (কথায়) | উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ---------------------------------------------------------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ | ক্রয় আদেশ জারির তারিখ থেকে ০৭(সাত) দিনের মধ্যে |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের -----------------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।
আমি/আমাদের প্রস্তাব -------/------/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**<u>টীকা:</u>**

১। কলাম ১, ২, ৩ ও ৮ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৪, ৫, ৬ ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

স্মারক নং-২৭.১২.৯৩৯৫.৫০২.০১.০৩৮.২৪.        (২৪/২০২৩-২০২৪),  তারিখঃ ২৮/০১/২০২৪খ্রিঃ।

**বিষয়ঃ "লাঞ্চ প্যাকেটের খাবার" সরবরাহের ক্রয় আদেশ**

| | |
|---|---|
| কোটেশন স্মারক নং-২৭.১২.৯৩৯৫.৫০২.০১.০৩৮.২৪. | তারিখ: ----/০২/২০২৪ খ্রিঃ। |
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা]<br>------------------------------- | |
| সরবাহের তারিখ:------------------------------------ | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা---------------------------- |
| **সরবরাহ : শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার নিম্নবর্ণিত মালামাল সরবরাহের নিমিত্ত গত-------------------তারিখ দাখিলকৃত দরপত্র সমূহের মধ্যে আপনাদের প্রতিষ্ঠানের দর সর্বনিম্ন ও গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হওয়ায় নিম্নোক্ত শর্তাধীনে নিম্নবর্ণিত সেবাসমূহ সরবরাহের জন্য সর্বমোট------------টাকার কার্যাদেশ প্রদান করা হলো। সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

| **ক্রয়াদেশকৃত পণ্যসমূহ** |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ: |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক।

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী:

১. চুক্তি পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের সময় লাঞ্চ প্যাকেট কম বা বেশি করার ক্ষমতা পবিস কর্তৃক সংরক্ষিত।

৪. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচ ও ব্যবস্থাপনায় প্যাকেটসহ লাঞ্চ খাবারের উপকরনাদি যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপূর্বক সিডিউলে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী অত্র পবিসের সদর দপ্তরে দক্ষ বাবুর্চী দ্বারা রান্না করে প্যাকেটজাত পূর্বক আগামী ১০/০২/২০২৪খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সরবরাহ করতে হবে।

৫. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ায় অধিকার রয়েছে।

৬. চুক্তির অধীনে সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৭. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রুটিপাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৮. যদি পণ্যে কোনো ক্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৯. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

১০. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১১. নির্ধারিত সময়েরে মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হারে জরিমানা কর্তন করা হবে। তবে কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১২. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১৩. মোট চুক্তি মূল্য টাকা অংকে-------------------------কথায়--------------------------------------------------।

১৪. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধ্যকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৫. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষ্যের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়বদ্ধ রাখবে।

১৬. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৭. সরবরাহকৃত মালামাল নতুন এবং ক্রুটিমুক্ত হতে হবে। মালামাল সরবরাহের সময় মালামাল পুরাতন এবং ক্রুটিযুক্ত হলে ০৩দিনের মধ্যে পরিবর্তন করে দিতে হবে।

১৮. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবারহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৯. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

২০. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরবাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধ্যকতা পূরণে ব্যর্থ হলে।

২১. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২২. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারী জন্য<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |